**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৭, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক অধিশাখা

www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.১৯৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | সভাপতি |
| (২) | মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| (৩) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |



**মূল্য ঃ** টাকা ৮·০০

| | | |
|---|---|---|
| (১১) | মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) | প্রতিমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (১৬) | উপদেষ্টা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (১৭) | প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (এশিয়া প্যাসিফিক অঞ্চলের বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক) | সদস্য |
| (১৮) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (১৯) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (২০) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (২১) | পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (২২) | সচিব, পরিকল্পনা বিভাগ | সদস্য |
| (২৩) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (২৪) | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (২৫) | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| (২৬) | নির্বাহী চেয়ারম্যান (সচিব), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| (২৭) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| (২৮) | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| (২৯) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| (৩০) | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (৩১) | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (৩২) | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| (৩৩) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৩৪) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৩৫) | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| (৩৬) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য। |

আমন্ত্রণক্রমে: সভাপতি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি/বায়রা এবং সিভিল সোসাইটি/গণ্যমান্য ব্যক্তিবর্গ।

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) অভিবাসী নারী ও পুরুষ কর্মীদের অধিকার রক্ষা এবং শ্রম-অভিবাসনকে জাতীয় উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে যেসব বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সমন্বয় ও সহযোগিতার প্রয়োজন রয়েছে সেসব বিষয়ে আলোচনা ও কার্য ব্যবস্থা গ্রহণার্থে নির্দেশনা প্রদান এবং অনুমোদিত Global Compact for Safe, Orderly and Regular Migration (GCM)-এর National Action Plan (NAP) (২০২৬-৩০) এর বাস্তবায়ন নিশ্চিতকরণে গৃহীত কার্যক্রম তদারকি করা;

(২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আইন বাস্তবায়নের দায়িত্বে থাকা উক্ত মন্ত্রণালয়ের বিভিন্ন উইং, বিভাগ, সংস্থা, তহবিল এবং ব্যাংক ইত্যাদি প্রতিষ্ঠানগুলোকে শ্রম-অভিবাসন এবং এ সংক্রান্ত উল্লেখযোগ্য নীতি ও সংস্কার সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ, নির্দেশনা ও সহায়তা প্রদান;

(৩) সরকারের সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা, শ্রমিক ও নিয়োগকর্তাদের সংগঠন এবং নাগরিক সমাজের সংগঠনগুলোসহ সব স্টেক হোল্ডাররা যেন অভিন্ন পদ্ধতি (Uniform approach) প্রয়োগের মাধ্যমে একটি কার্যকর ও স্বচ্ছ শ্রম-অভিবাসন পরিচালনা কাঠামো প্রতিষ্ঠা করতে পারে সে লক্ষ্যে তাদের জন্য অনুসরণীয় প্রক্রিয়া ও কার্যপ্রণালী নির্ধারণ;

(৪) প্রত্যাগত অভিবাসী কর্মীদের মনোসামাজিক সুরক্ষা এবং সামাজিক ও পেশাগত পুনর্বাসনের লক্ষ্যে অনুমোদিত "প্রত্যাগত অভিবাসী কর্মী পুনঃএকত্রীকরণ নীতি, ২০২৫" বাস্তবায়ন করা;

(৫) স্বল্পমেয়াদি চুক্তিভিত্তিক অভিবাসী কর্মী, বিশেষ করে নারী কর্মীদের সুরক্ষা এবং বাংলাদেশের প্রতি তাদের অবদান অব্যাহত রাখতে উৎসাহিত করার লক্ষ্যে বিশ্বব্যাপী বাংলাদেশি প্রবাসী সমাজগুলোর মধ্যে বন্ধন ও যোগাযোগ সৃষ্টিতে সহায়তা করা;

(৬) গন্তব্য দেশের চাহিদা ও নিয়ন্ত্রক বিধি-বিধান সাপেক্ষে স্বতন্ত্র লক্ষ্যযুক্ত শ্রম বাজার অনুসন্ধান এবং অভিবাসন সম্পর্কিত ব্যয় সুবিধা অর্জনে কাজ করা;

(৭) জলবায়ু পরিবর্তনের ফলে গন্তব্য দেশের শ্রমবাজার পরিবর্তিত হচ্ছে বিধায় পরিবেশবান্ধব ও দক্ষ জনশক্তির গতিশীলতা বৃদ্ধিতে সবুজ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রবর্তনে কাজ করা; এবং

(৮) বাংলাদেশি অভিবাসী কর্মীদের অর্থনৈতিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিতে 'প্রবাস' শীর্ষক সার্বজনীন পেনশন স্কীম এবং প্রবাসীদের জন্য চালুকৃত বিমার কার্যক্রম তদারকি।

২.৫। বছরে অন্ততঃ একবার স্টিয়ারিং কমিটির বৈঠক হবে। জাতীয় শ্রম-অভিবাসন ফোরাম এবং স্টিয়ারিং কমিটির বৈঠকের মধ্যকার ব্যবধান ছয় মাসের বেশি হবে না।

২.৬। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় স্টিয়ারিং কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে। সাচিবিক কার্যক্রমসমূহ যেমন-স্টিয়ারিং কমিটিকে তার বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক দায়িত্ব পালন এবং জাতীয় শ্রম-অভিবাসন ফোরামসহ অন্যান্য কর্তৃপক্ষের সাথে সমন্বয় সাধনে সহায়তা প্রদান ইত্যাদি এই মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে পরিচালিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ শামীম সোহেল)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd